

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
গাইবান্ধা জেলা কার্যালয়, গাইবান্ধা
হোল্ডিংনং: ১২০ (৩য়তলা) ডিবি,রোড, ফকিরপাড়া, গাইবান্ধা।
<http://dnrcrp.gaibandha.gov.bd/>

স্মারকনং-২৬.০৪.৩২০০.৬০৭.১৬.০০২.২০২৪.১৪৭

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩১
৮ জুলাই ২০২৪

বিষয় : জুলাই ২০২৪ মাসের জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যপত্র ও গত মাসের সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, জুলাই/২০২৪ মাসে জেলা আইন শৃঙ্খলা সভার কার্যপত্রে সংযোজনের জন্য উক্ত কার্যালয়ের কার্য বিবরণী নিয়ে প্রদত্ত হলো।

গত জুন/২০২৪ মাসে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, গাইবান্ধা জেলা কার্যালয়ের আওতায় সহকারী পরিচালকের নেতৃত্বে ছয়টি(৬) বাজার অভিযান কার্যক্রম পরিচালিত হয়। এতে চৌদ্দটি(১৪) অভিযোগের বিপরীতে পঁচাত্তি হাজার (৩৬,৫০০) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে এবং সেই সাথে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্বলিত লিফলেট, প্যাম্পলেট ব্যবসায়ীদের মধ্যে বিতরণ করা হয়েছে এবং তিনটি লিখিত অভিযোগে ৫,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। ভোক্তার অধিকার ও ভোক্তা অধিকার বিরোধী কার্য ও অপরাধ এবং দন্ড সম্পর্কে উপস্থিত জনগণকে অবহিত ও সচেতন করা হয়।

বিগত মাসে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত এবং বাস্তবায়ন অগ্রগতি:

সিদ্ধান্ত	অগ্রগতি
১. ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এবং কৃষি বিপণন অধিদপ্তর সমন্বয় করে বাজার মনিটরিং করতে হবে এবং সময়, স্থান ও তারিখ নির্ধারণ করে মাসের তিন তারিখের মধ্যে শিডিউল প্রেরণ করতে হবে। ২. ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে ভোক্তা-অধিকার সংরক্ষণ কমিটি গঠন করতে হবে। ৩. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে বাজার মনিটরিং অব্যাহত রাখতে হবে। ৪. সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, গাইবান্ধার কোন উপজেলায় অভিযান পরিচালনা করার পূর্বে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এবং অফিসার-ইন-চার্জকে অবহিতকরণপূর্বক তাদের সাথে সমন্বয় করা ও শিডিউল প্রেরণ করতে হবে।	১. সময়, তারিখ ও স্থান নির্ধারণ করে মাসের ০৩(তিন) তারিখের মধ্যে বাজার তদারকির শিডিউল জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। ২. ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে ভোক্তা-অধিকার সংরক্ষণ কমিটি করা হয়েছে। ৩. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে বাজার মনিটরিং অব্যাহত আছে। ৪. গাইবান্ধার কোন উপজেলায় অভিযান পরিচালনা করার পূর্বে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এবং অফিসার-ইন-চার্জকে অবহিতকরণ করা হয়।



০৮/০৭/২০২৪

(আফসানার পারভীন)

সহকারী পরিচালক

ইমেইল: ad-gaibandha@dnrcrp.gov.bd

প্রাপক:

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা।

অনুলিপি:

১. উপপরিচালক (উপসচিব), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রংপুর বিভাগীয় কার্যালয়, রংপুর।

২. অফিস নথি।